গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mofl.gov.bd

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩ তম শাহাদত বার্ষিকীতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও তাঁর অধীনস্থ সংস্থাসমূহের উদ্যোগে ১৫ আগষ্ট ২০১৮ খ্রি: তারিখে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | অরুন কুমার মালাকার |
| সভার তারিখ | ঃ | ৩১/০৭/২০১৮ ইং |
| সময় | ঃ | ০৩ঃ০০ |
| স্থান | ঃ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভায় উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' |

সভার শুরুতে সভাপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে উপস্থিত কমিটির সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। দিবসটি যথাযোগ্য মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের জন্য কমিটির সদস্যদের আলোচনায় অংশগ্রহণ করে মতামত প্রদানের জন্য তিনি অনুরোধ করেন। সদস্য সচিব পূর্বে অনুষ্ঠিত সভার আলোকে আলোচনা সভার স্থান নিশ্চিতকরণের বিষয়টি জানতে চান। সভায় উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর জানান মৎস্য ভবনের সম্মেলন কক্ষে আলোচনা ও দোয়া মাহফিল এর স্থান নির্ধারন করা হয়েছে। দিবসটি যথাযোগ্য মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের জন্য উপস্থিত কর্মকর্তাগন আলোচনায় অংশগ্রহণ করে তাঁদের সুনিষ্ট মতামত প্রদান করেন।

২। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ২.১ | মৎস্য ভবনের সম্মেলন কক্ষে ৪০০ জনের আসনের ব্যবস্থা থাকায় সেমতে মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থার কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন। | মন্ত্রণালয়/মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তর/বিএফডিসি/মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর/তিনি প্রধানগণ ও হল ব্যবস্থাপনা কমিটি |
| ২.২ | অনুষ্ঠানস্থলে আগত অথিতিবৃন্দের আসন ব্যবস্থা, সাউন্ড সিস্টেম ব্যবহার ও সার্বিক ব্যবস্থাপনার জন্য হল ব্যবস্থাপনা উপ-কমিটি নিম্নরূপে গঠন করা হলো ঃ<br>১। জনাব মোঃ সালেহ আহমেদ, উপ পরিচালক, মৎস্য অধিদপ্তর।<br>২। জনাব আরিফুল ইসলাম শাহিন, উপপরিচালক, এ/আই, প্রাণিসম্পদ অধিদপ্তর।<br>৩। জনাব হারুন উর রশিদ, উপসচিব, বিএফডিসি, কাওরায়ান বাজার, ঢাকা।<br>৪। জনাব মোঃ আব্দুল খালেক মিঞা, সহকারী সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>৫। ডা. এনামুল হক, তথ্য অফিসার, তথ্য দপ্তর, মৎস্য ভবন, ঢাকা। | মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর ও উপকমিটি |
| ২.৩ | ধর্মীয় গ্রন্থ হতে পাঠ করার জন্য সকাল ১১.০০ ঘটিকার সময় নিম্নোক্তদের কে দায়িত্ব দেওয়া হলো:<br>পবিত্র কোরআন পাঠ করবেন : মৎস্য অধিদপ্তর মসজিদের ইমাম মাওলানা আবুল কালাম আজাদ।<br>পবিত্র গীতা পাঠ করবেনঃ জনাব কৃষ্ণেন্দু সাহা, সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর। | দায়িত্ব প্রাপ্ত ইমাম/কর্মকর্তা |
| ২.৪ | অনুষ্ঠানের উপস্থাপনা করার জন্য;<br>১। জনাব কৃষ্ণেন্দু সাহা, সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর।<br>২। বেগম আয়েশা সিদ্দিকা, এস ও, লীড রিজার্ভ, প্রাণিসম্পদ অধিদপ্তর। | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ |
| ২.৫ | দোয়া পরিচালনা করবেন জনাব কাজী ওয়াছি উদ্দিন, অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। | জনাব কাজী ওয়াছি উদ্দিন, অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| ২.৬ | তবারক তৈরী ও বিতরণ উপ-কমিটি নিম্নরূপে গঠন করা হলো ঃ<br>১। জনাব এস এম তারিক (মৎস্য-৪), উপসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।<br>২। জনাব সুজিত হালদার, ডিএফও, মৎস্য ভবন, ঢাকা<br>৩। জনাব মোঃ আব্দুল খালেক মিঞা, সহকারী সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>৪। জনাব আবুল বাশার, সহকারী পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর।<br>৫। জনাব মোঃ আবু সাঈদ কামাল বাচ্চু, প্রকল্প পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর।<br>৬। জনাব জাহাঙ্গীর আলম ইউএলও, প্রাণিসম্পদ অধিদপ্তর।<br>৭। মোঃ আব্দুল জলিল মজুমদার, প্রশাসনিক কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। | তবারক তৈরী ও বিতরণ উপকমিটি |

| | | |
|---|---|---|
| ২.৭ | সভায় কালো ব্যাজ ধারনের ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মো: শহিদুল্লাহ,উপপরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর-কে দায়িত্ব দেওয়া হলো। | জনাব মো: শহিদুল্লাহ, উপপরিচালক (প্র:) ডিএলএস |
| ২.৮ | আলোচনা সভার জন্য একটি ব্যানার প্রস্তুতের জন্য জনাব মো: ইলিয়াস সরকার,সিস্টেম এনালিস্ট ও জনাব নূর মোহাম্মদ, প্রোগ্রামার-কে দায়িত্ব দেওয়া হলো। | জনাব মো: ইলিয়াস সরকার ও জনাব নূর মোহাম্মদ |
| ২.৯ | সভায় ৩২ ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পনের নিমিত্ত একটি পুষ্পস্তবকের ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মো: গোলাম মোস্তফা, উপসচিব (প্রশাসন-২) ব্যবস্থা গ্রহণ করবেন। | জনাব মোঃ গোলাম মোস্তফা, উপসচিব |
| ২.১০ | অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হতে বর্ণিত কর্মসূচি পালনের ব্যয়ের জন্য অর্থ বরাদ্দের নিমিত্ত উদ্যোগ প্রদানের জন্য যুগ্মসচিব (বাজেট) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কে অনুরোধ করা হলো। | যুগ্মসচিব(বাজেট) |
| ২.১১ | ১৫ আগস্ট ২০১৮ তারিখ সকাল ৮.০০ ঘটিকায় বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে গমনের নিমিত্ত জমায়েতের জন্য জমায়েতের স্থানটি সুনির্দিষ্ট করা প্রয়োজন বিধায় কলাবগান ক্রীড়াচক্র খেলার মাঠ সংলগ্ন ওভার ব্রীজের নিকট জমায়েতের স্থানটি সুনির্দিষ্ট করা হলো। নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে জমায়েতের বিষয়টি সমন্বয় করার জন্য অনুরোধ করা হলো।<br>(১) জনাব মো: গোলাম মোস্তফা, উপসচিব (প্রশাসন-২)<br>(২) জনাব মোহাম্মদ উল্লাহ, মাননীয় মন্ত্রীর একান্ত সচিব<br>(৩) জনাব মোহাম্মদ আজিজুল ইসলাম, সচিবের একান্ত সচিব।<br>(৪) জনাব মো: শহিদুল্লাহ, উপপরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর।<br>(৫) জনাব মো: রমজান আলী, উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর। | |
| ২.১২ | মিডিয়া ঃ জনসংযোগ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর মাধ্যমে BTV সহ প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের আমন্ত্রণ জানানোর ব্যবস্থা গ্রহণ করবেন। | জনসংযোগ কর্মকর্তা মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |

৩। পরিশেষে, সভাপতি আসন্ন জাতীয় শোক দিবসের অনুষ্ঠান যথাযোগ্য মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের জন্য গৃহিত কর্মসূচিসমূহ পালনে সকলকে আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(অরুন কুমার মালাকার)
অতিরিক্ত সচিব
ও
আহ্বায়ক
জাতীয় শোক দিবস পালন কমিটি

অনুলিপিঃ কার্যার্থে ও জ্ঞাতার্থে (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন/প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব ( বাজেট), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৪। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামার বাড়ি সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৫। উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৬। জনাব ....................................................মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৭। রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৮। জনাব মোঃ আব্দুল খালেক মিঞা, সহকারী সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। প্রশাসনিক কর্মকর্তা (স্টোর), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৪। অফিস কপি।